



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019



2nd Term: Answer WorkSheet - 15

Class: 3

Subject: Bengali Gram (বোধশক্তির বিচার)

Date: 23/09/2020

প্রশ্ন:-

১। একটি গাছের নাম কর যার প্রতিটি অংশই কাজে লাগে ?

উ: নারকেল গাছ ।

২। কচি অবস্থায় নারকেলের ফলকে কী বলে ?

উ: কচি অবস্থায় নারকেলের ফলকে ডাব বলে ।

৩। কিসের শাঁস থেকে তেল তৈরী হয় ?

উ: নারকেলের শাঁস থেকে তেল তৈরী হয়।

৪। রান্নার কাজে নারকেল তেল কোথায় ব্যবহৃত হয় ?

উ: দক্ষিণ ভারতে রান্নার কাজে নারকেল তেল ব্যবহৃত হয় ।

৫। ঝাঁটা কী দিয়ে তৈরী হয় ?

উ: নারকেল পাতার শিরাগুলি ছাড়িয়ে নিলে যে কাঠি পাওয়া যায় তা দিয়ে ঝাঁটা তৈরী হয় ।

৬। নারকেল গাছ লাগানোর কত বছরের মধ্যে ফল হয় ?

উ: নারকেল গাছ লাগানোর ৯/১০ বছরের মধ্যে ফল হয় ।

৭। নারকেল গাছের মতো দেখতে আরও একটি গাছের নাম লেখ ।

উ: নারকেল গাছের মতো দেখতে আরও একটি গাছের নাম হল তালগাছ ।

৮। শূন্যস্থান পূরণ কর :-

ক) পাকা অবস্থায় নারকেলের ফলকে বলে নারকেল ।

খ) নারকেলের পাতাকে শুকিয়ে জ্বালানি হিসাবে ব্যবহার করা হয় ।

গ) নারকেল গাছের গুঁড়িকে ছোটোখাটো খাল-বিল পারাপারের কাজে লাগানো হয় ।

৯। ঠিক বা ভুল লেখ :-

ক) নারকেলের রং লাল ।

ভুল

খ) নারকেল তেল আমরা মাথায় মাখি ।

ঠিক

গ) নারকেল গাছের প্রতিটি অংশই আমাদের কাজে লাগে ।

ঠিক

১০। বাক্য রচনা কর :-

ক) সুস্বাদু = নারকেলের শাঁস খেতে খুবই সুস্বাদু ।

খ) উপকারী = ডাবের জল অত্যন্ত উপকারী ।

Manashi Chaudhuri